



সংবাদ বিজ্ঞপ্তি

শুক্রবার ৬ সেপ্টেম্বর ২০১৯

ধানমন্ডির বেঙ্গল শিল্পালায়ে জামদানি উৎসব ২০১৯ এর উদ্বোধন

বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ ও বেঙ্গল ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে আজ শুক্রবার ৬ সেপ্টেম্বর ২০১৯ থেকে ধানমন্ডির বেঙ্গল শিল্পালায়ে শুরু হয়েছে 'ঐতিহ্যের বিনির্মাণ' শীর্ষক পাঁচ সপ্তাহব্যাপী জামদানি উৎসব। 'ঐতিহ্যের বিনির্মাণ' শীর্ষক এই প্রদর্শনী বর্তমান প্রজন্মের বয়নশিল্পীদের অপরিসীম দক্ষতা, প্রজ্ঞা ও নৈপুণ্যের সাক্ষ্য বহন করে। প্রদর্শনী উপলক্ষে পাঁচজন শ্রেষ্ঠ বয়নশিল্পী ও তাঁদের সহকারীদের 'শ্রেষ্ঠ কারুশিল্পী পুরস্কার' প্রদান করা হয়েছে।

বিকেল ৫টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনী উদ্বোধন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মান্যবর মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী এবং ওয়ার্ল্ড ক্রাফটস কাউন্সিল এশিয়া প্যাসিফিক রিজিয়নের প্রেসিডেন্ট ড. গাদা হিজাউয়ি-কাদুমি। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাংলাদেশ কারুশিল্প পরিষদের সভাপতি মো. রফিকুল ইসলাম। অনুষ্ঠানের শুরুতে অতিথিদের উত্তরীয় পরিয়ে বরণ করে নেয়া হয়। আরও উপস্থিত ছিলেন জামদানি উৎসবের কিউরেটর চন্দ্র শেখর সাহা ও বেঙ্গল ফাউন্ডেশনের মহাপরিচালক লুভা নাহিদ চৌধুরী। অতিথিদের বক্তব্য প্রদানের পর প্রদর্শনী উপলক্ষে প্রকাশিত ক্যাটালগ এর মোড়ক উন্মোচনের জন্য মঞ্চে আসেন বেঙ্গল পাবলিকেশন্স-এর নির্বাহী পরিচালক জনাব আবুল হাসনাত, বাংলাদেশ কারুশিল্প পরিষদের নির্বাহী সদস্য ও সাবেক সভাপতি রুবী গজনভী এবং বেঙ্গল ফাউন্ডেশনের চেয়ারম্যান জনাব আবুল খায়ের লিটু। এরপর পাঁচজন শ্রেষ্ঠ জামদানি বয়নশিল্পী ও তাঁদের সহকারীদের 'শ্রেষ্ঠ কারুশিল্পী পুরস্কার' প্রদান করা হয়। পুরস্কারপ্রাপ্তরা হলেন ওস্তাদ মোঃ সজিব হোসেন ও তাঁর সহকারি মোঃ আনোয়ার হোসেন, মোঃ মোতালিব ও সহকারি নুর আলম, মোঃ মুনির ও সহকারি আবু বকর, ওস্তাদ মোঃ সিদ্দিক ও সহকারি মাকসুদা এবং মোঃ জামাল ও সহকারি শাকিল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন খালিদ হোসেন ও মালিহা মাজিন খান।

বিস্তারিত:

বিকেল ৫টা শুক্রবার ৬ সেপ্টেম্বর ২০১৯

বেঙ্গল শিল্পালায়, বাড়ি ৪২, রোড ২৭, শেখ কামাল সরণি, ধানমন্ডি, ঢাকা

প্রদর্শনী চলবে শনিবার ১২ অক্টোবর ২০১৯ পর্যন্ত। প্রতিদিন দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত। রবিবার সাপ্তাহিক ছুটি।

রেজওয়ানুল কামাল চৌধুরী

০১৮৪৪০৫০৬২৪

শেখ সাইফুর রহমান

০১৯১১৩৮৬৯০৩